বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও/ননএমপিও (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত জেলা কমিটি সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফৌজিয়া খান<br>জেলা প্রশাসক, কিশোরগঞ্জ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ |
| সভার তারিখ | : | ২৬-১২-২০২৪ খ্রি. বিকাল ০৪:০০টা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও/ননএমপিও (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) প্রতিষ্ঠানের টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভায় সদস্য সচিব, কর্তৃক "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও/ননএমপিও (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর টিউশন ফি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয় এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২২৪, তারিখঃ ২৭ অক্টোবর ২০২৪ খ্রি. জারিকৃত নীতিমালা-২০২৪ পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান, ধরন, অভিভাবকদের সামাজিক ও আর্থিক অবস্থা বিবেচনায় রেখে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত হারে মাসিক বেতন/টিউশন ফি (সর্বোচ্চ) নির্ধারণ করা হয়। এলাকার অভিভাবকদের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মাসিক বেতন/ টিউশন ফি'র হার কমাতে পারবেন। কিন্তু কোন অবস্থাতেই নির্ধারিত হারের বেশি মাসিক বেতন/টিউশন ফি আদায় করা যাবে না।

**শ্রেণি ভিত্তিক মাসিক বেতন/টিউশন ফি'র হার (সর্বোচ্চ)**

| জেলা | এলাকার ধরণ | প্রতিষ্ঠানের ধরণ | শ্রেণি ওয়ারী মাসিক বেতন/টিউশন ফি (টাকা) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| কিশোরগঞ্জ | মফস্বল | এমপিওভুক্ত | ৫০ | ৫০ | ৬০ | ৮০ | ১০০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ২০০ | ২০০ | ৩০০ | ৩০০ |
| | | ননএমপিওভুক্ত | ৭০ | ৭০ | ৮০ | ১০০ | ১২০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ৩০০ | ৩০০ | ৪০০ | ৪০০ |
| | পৌর (উপজেলা) | এমপিওভুক্ত | ১০০ | ১০০ | ১২০ | ১৫০ | ১৫০ | ২০০ | ২০০ | ২০০ | ৩০০ | ৩০০ | ৪০০ | ৪০০ |
| | | ননএমপিওভুক্ত | ১২০ | ১২০ | ১৫০ | ১৮০ | ১৮০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৪০০ | ৪০০ | ৫০০ | ৫০০ |
| | পৌর (জেলা) | এমপিওভুক্ত | ১৫০ | ১৫০ | ২০০ | ২৫০ | ৩০০ | ৪০০ | ৪০০ | ৪০০ | ৫০০ | ৫০০ | ৬০০ | ৬০০ |
| | | ননএমপিওভুক্ত | ২৫০ | ২৫০ | ৩০০ | ৪০০ | ৪০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | ৬০০ | ৬০০ | ৭০০ | ৭০০ |

বিবিধ আলোচনা:

ক) শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ২৯/১০/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৬.০০৭.২০১৬-৪১৫ মোতাবেক জুলাই-আগস্ট ২০২৪ এ ছাত্র জনতার গণ অভ্যুত্থানে আহত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীর বেতন/টিউশন ফি মওকুফের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) প্রতিষ্ঠানের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৩১ জুলাই ২০২৩ তারিখ ৩৭.০০.০০০০.৭২.৪৪.০৫.২২.১৬১ স্মারকে জারীকৃত "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি সংক্রান্ত নীতিমালা-২০২৩" যথাযথভাবে অনুসরণ করতে হবে।

গ) সরকারী বৃত্তি ও উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে উপরিউক্ত মাসিক বেতন/টিউশন ফি আদায় প্রযোজ্য হবে না।

অতঃপর সকলের সার্বিক সহযোগিতা কামনা করে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফৌজিয়া খান)
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
ও
সভাপতি
জেলা কমিটি, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৩.২৫.৪৮০০.০০০.০৪.০০৫.১৮.২০২৪- ৬৮৩/৩১৫ তারিখ: ২৬/১২/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), কিশোরগঞ্জ

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কিশোরগঞ্জ

৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..........................................................বেরসকারি কলেজ/উচ্চমাধ্যমিক কলেজ/বিদ্যালয়, কিশোরগঞ্জ

৮। অফিস নথি

(শামছুন নাহার মাকছুদা)
জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা কমিটি, কিশোরগঞ্জ